

# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كُنَّا إِذَا صَلَّيْنَا خَلْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالظَّهَائِرِ سَجَدْنَا على ثيابنا اتقاء الْحر

#### বাংলা

৫৮৯-[৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা যখন নবী সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতাম, তখন গরম থেকে বাঁচার জন্য আমাদের কাপড়ের উপর সিজদা (সিজদা/সেজদা) করতাম। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪২, মুসলিম ৬২০, নাসায়ী ১১১৬, তিরমিয়ী ৫৮৪, সহীহ ইবনু খুয়াইমাহ্ ৬৭৫; শব্দসমূহ বুখারীর।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে বুঝা যায় যে, সূর্যের তাপমাত্রা অত্যন্ত প্রখর না হলে সাধারণত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের সাথে যুহর সালাত (সালাত/নামায/নামাজ)টি আওওয়াল সময়ের মধ্যে আদায় করতেন।

এছাড়া মাস্আলাহ্ হলো এই যে, গরম, ঠাণ্ডা বা অন্য কোন সমস্যা হলে পরনের কাপড় বা অন্য কাপড়ের উপর সিজদা (সিজদা/সেজদা) করার অনুমতি রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন